



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৫৬.০৬৩.১৯-০১ তারিখ : ০১.০১.২০২০ খ্রি.

**৪০তম বিসিএস-২০১৮ এর আবশ্যিক বিষয়ের কেন্দ্রভিত্তিক পরীক্ষার হল ও আসনব্যবস্থা এবং জরুরি নির্দেশনা।**

**পরীক্ষা কেন্দ্র : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর এবং ময়মনসিংহ ।**

**পরীক্ষার তারিখ : ০৪, ০৫, ০৬, ০৭ এবং ০৮ জানুয়ারি- ২০২০ তারিখে নিম্নোক্ত কেন্দ্রভিত্তিক পরীক্ষা হলসমূহে প্রদর্শিত আসন ব্যবস্থা অনুযায়ী আবিশ্যক বিষয়সমূহের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

**সময় : ০৪ ও ০৫ জানুয়ারি-২০২০: সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত;**

**৬ জানুয়ারি-২০২০: সকাল ১০.০০ থেকে দুপুর ১.০০টা এবং দুপুর ২.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত;**

**৭ জানুয়ারি-২০২০: সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০টা এবং দুপুর ২.০০টা থেকে বিকাল ৩.০০টা পর্যন্ত;**

**৮ জানুয়ারি-২০২০: ক. সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য;**
**সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত: বাংলা ১ম ও ২য় পত্র (বিষয় কোড ০০১ ও ০০২) এবং**

**খ. কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য;**
**সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০টা পর্যন্ত: বাংলা ১ম পত্র (বিষয় কোড ০০১)**

**প্রার্থীদের পরীক্ষা হলে প্রবেশের সময় : ৪, ৫ ও ৮ জানুয়ারি-২০২০ তারিখ সকাল ৯:০০ টা**
**৬ ও ৭ জানুয়ারি-২০২০ তারিখ সকাল ৯:০০ টা এবং দুপুর ১:২০**

**ঢাকা কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | আসন ব্যবস্থা | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | রেজিস্ট্রেশন নম্বর | | | |
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১. | আজিমপুর গভর্ণমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ<br>৪৯/ই, আজিমপুর ঢাকা-১২০৫ | ১১০০০০১৬ | --- | ১১০৩৮৪২৩ | ২০০০ |
| ২. | মোহাম্মদপুর সরকারি কলেজ<br>সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১০৩৮৪৩৫ | --- | ১১০৪৮৪৪৯ | ৯০০ |
| ৩. | সরকারী বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল<br>ফার্মগেট, তেজগাঁও, ঢাকা | ১১০৪৮৪৫৩ | --- | ১১০৫৫৫২০ | ৯০০ |
| ৪. | সরকারী টিচার্স ট্রেনিং কলেজ<br>ধানমন্ডি, ঢাকা | ১১০৫৫৫৩০ | --- | ১১০৬৫১৩৪ | ১৫০০ |
| ৫. | গণ ভবন সরকারি উচ্চ বিদ্যালয়<br>শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ | ১১০৬৫১৩৫ | --- | ১১০৬৮৪৭১ | ১০০০ |
| ৬. | তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>৮০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফার্মগেট, ঢাকা | ১১০৬৮৪৭৪ | --- | ১১০৭৭৪৭০ | ১২০০ |
| ৭. | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়<br>হুমায়ন রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১০৭৭৪৭৭ | --- | ১১০৯৪৩৬৯ | ১৮০০ |
| ৮. | শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ | ১১০৯৪৩৮৯ | --- | ১১১১৪৪৮৯ | ১৬০০ |

চলমানপাতা-২

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ৯. | শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়<br>শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ | ১১১১৪৪৯৩ | --- | ১১১৩৬৮৪৪ | ১৪০০ |
| ১০ | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়<br>সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১১৩৬৮৫০ | --- | ১১১৬৩১০৪ | ৯০০ |
| ১১. | রাজধানী উচ্চ বিদ্যালয়<br>মানিকমিয়া এভিনিউ শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা | ১১১৬৩১৬৩ | --- | ১১৮০০৯৭১ | ৬৬৬ |
| ১২. | ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট<br>শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা<br>**[শুধু ০৮.০১.২০২০ তারিখে জন্য (বিষয় কোড-০০১)]** | ১১০০০৩৬৪ | --- | ১১২০৭৪৬৯ (শুধু কারিগরি/পেশাগত ক্যাডার) | ২৪৪ |

**রাজশাহী কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৩. | রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী | ১২০০০০৩২ | --- | ১২৮০০০৯৮ | ১১৮৭ |

**চট্টগ্রাম কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৪. | ডা: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম | ১৩০০০০৭০ | --- | ১৩৮০০৪৫৫ | ১৩২৮ |

**খুলনা কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৫. | সরকারি হাজী মুহাম্মদ মুহসিন কলেজ, খালিশপুর, খুলনা | ১৪০০০১১১ | --- | ১৪০২৮৯০৫ | ৭২৮ |

**বরিশাল কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৬. | সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল | ১৫০০০০৪২ | --- | ১৫০১১৯৮৭ | ৩৩০ |

**সিলেট কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৭. | সিলেট সরকারি কলেজ, সিলেট | ১৬০০০০১৩ | --- | ১৬৮০০৯৭২ | ৬০৭ |

**রংপুর কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৮. | রংপুর সরকারি কলেজ, রংপুর | ১৭০০০০১২ | --- | ১৭৮০০১৩৫ | ৭২০ |

**ময়মনসিংহ কেন্দ্র :**

| ক্র:নম্বর | পরীক্ষার হল | রেজিস্ট্রেশন নম্বর | | | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | থেকে | --- | পর্যন্ত | |
| ১৯. | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | ১৮০০০০১৭ | --- | ১৮৮০০৭৫৫ | ১৫১১ |

চলমানপাতা-৩

পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা:

১. প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে ৪০তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের ৩০(চ)-অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে। কাজেই উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর লেখা এবং বৃত্ত পূরণ করার ব্যাপারে প্রার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।

২. ক. পরীক্ষা হলে বই-পুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেক্ট্রনিক যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না।

খ. পরীক্ষা হলের গেটে ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী **metal detector** এর সাহায্যে সার্চ করে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে।

গ. পরীক্ষার সময় প্রার্থীগণ মুখ ও কানের উপর কোনো আবরণ রাখবেন না।

ঘ. পরীক্ষার হলে প্রার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।

ঙ. পরীক্ষা হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা তৎ সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।

চ. পরীক্ষা হলে উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশ করলে, নির্দেশনা অমান্য করলে বা পরীক্ষার হলে কোনোরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪-এর বিধান অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।

ছ. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট মোবাইল ফোন/ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, ক্যালকুলেটর বা উপরোক্ত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ. ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে।

ঝ. কাজেই পরীক্ষার দিন কোনোভাবেই মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা কোনো প্রকার ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র এবং উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী সঙ্গে না আনার জন্য প্রার্থীদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ঞ. বিসিএস পরীক্ষা বিধিমালা বিধান অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোর্পদ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোনো প্রার্থীর ক্ষেত্রে এইরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. গাণিতিক যুক্তি (আবশ্যিক) বিষয়ের ক্ষেত্রে কেবল সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।

৪. লিখিত পরীক্ষা শুরু হওয়ার **১৫ মিনিট** পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৫. ৪০তম বিসিএস-এর লিখিত পরীক্ষা **double lithocode** এবং **barcode** সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোডেড **OMR** ফরম সংযুক্ত থাকবে। উক্ত **OMR** ফরম-এর উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে :

১. প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে মুদ্রিত রেজিস্ট্রেশন নম্বরটি উপরের ঘরে সাবধানতার সাথে লিখবেন এবং নিচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন।

২. বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত লিথোকোড ফরম-এর প্রথম অংশে কেন্দ্র, বিষয়কোড, অতিরিক্ত উত্তরপত্র নম্বরের ঘরে কোনোরূপ কাটাকাটি করলে এবং লিথোকোড অংশে কিছু লিখলে কোনোরূপ চিহ্ন বা দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৩. মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনাভাবেই লিখবেন না। লিখলে বা কোনোরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

৪. ক. সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থীদের জন্য ০৮.০১.২০২০ তারিখে অনুষ্ঠেয় 'বাংলা (বিষয় কোড: ০০১ ও ০০২)'আবশ্যিক বিষয়ের ক্ষেত্রে প্রার্থীকে পরীক্ষা কক্ষে দুটি লিথোকোডযুক্ত মূল উত্তরপত্র সরবরাহ করা হবে। 'বাংলা' বিষয়ের ০০১ কোডের জন্য প্রার্থীকে একটি এবং ০০২ কোডের জন্য একটি লিথোকোডযুক্ত পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে। **উল্লেখ্য, ০০১ কোডের উত্তরপত্রে ০০২ কোডের প্রশ্নের উত্তর প্রদান করা হলে সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল করা হবে।**

খ. কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের জন্য ০৮.০১.২০২০ তারিখে অনুষ্ঠেয় বাংলা (বিষয় কোড-০০১) আবশ্যিক বিষয়ের ক্ষেত্রে প্রার্থীকে একটি লিথোকোডযুক্ত মূল উত্তরপত্র সরবরাহ করা হবে।

চলমানপাতা-৪

৫. ক. ০৭.০১.২০২০তারিখে দুপর ২:০০ টা থেকে ৩:০০টা পর্যন্ত অনুষ্ঠেয় **MCQ type**'মানসিক দক্ষতা' (বিষয় কোড-০০৯) বিষয়ের পরীক্ষা দিন প্রার্থীগণ দুপুর ১:২০ মিনিটের মধ্যে নির্ধারিত পরীক্ষা হলের নিজ নিজ কক্ষে প্রবেশ করে নিদিষ্ট আসন গ্রহণ করবেন। ১:৩০ মিনিট প্রত্যেক প্রার্থীকে এক পাতার কম্পিউটারাইজ্‌ড (OMR) উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী উত্তরপত্রে তার কেন্দ্রের বৃত্ত পূরণ করবেন, রেজিস্ট্রেশন নম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয়ের ঘরে বিষয়কোড লিখে সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর প্রার্থী কর্তৃক পূরণীয় লিথোকোড ফরম-এর ১ম অংশ ছিঁড়ে পরিদর্শক আলাদা করবেন। ২য় অংশটি ৫০ (পঞ্চাশ) টি উত্তরের জন্য নির্ধারিত। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে **OMR** উত্তরপত্রের বৃত্ত ভরাট করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত ভরাট করা যাবে না। উত্তরপত্রে কোনোরূপ ফ্লুইড ব্যবহার করা যাবে না। ২য় অংশে কোনোভাবেই প্রার্থী নাম, রেজিস্ট্রেশন নম্বর লিখবেন না বা কোনোরূপ চিহ্ন/দাগ দিবেন না। বৃত্ত ভরাট করার ক্ষেত্রে পেন্সিল কিংবা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট উত্তরপত্র এবং প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

খ. দুপুর ১:৫৫ মিনিট প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র পাওয়ার পর প্রার্থীগণ তার প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রের নির্ধারিত স্থানে লিখবেন এর নীচের সংশ্লিষ্ট বৃত্ত কালো কালির বল পয়েন্ট দিয়ে পূরণ করবেন। ২:০০টা থেকে উত্তর দান শুরু হবে, ৩:০০টায় পরীক্ষা শেষে হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবে।

৬. **MCQ type** মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর হতে ০.৫ নম্বর করে কাটা যাবে।

৭.১.2020

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]